United Utilities

helping life flow smoothly

পাইপ, ড্রেইন বা নালা এবং পয়ঃপ্রণালীর একটি সহজ নির্দেশিকা

প্রতিদিন ভালো জল ব্যবহার করা জল বের করে দেওয়া হয়

প্রতিদিন ভালো জল ব্যবহার করা জল বের করে দেওয়া হয়
প্রতিদিন ভালো জল ব্যবহার করা জল বের করে দেওয়া হয়
প্রতিদিন ভালো জল ব্যবহার করা জল বের করে দেওয়া হয়
প্রতিদিন ভালো জল ব্যবহার করা জল বের করে দেওয়া হয়

মাটির নীচ দিয়ে যাওয়া

বেশির ভাগ মানুষ তাদের ঘরের ভিতর দিয়ে পাইপ নিয়ে যাওয়ার কথা ভাবেন, কিন্তু কখনও তারা মাটির নীচ দিয়ে পাইপ নিয়ে যাওয়ার কথা ভাবেন না।

আপনার বাগান, সড়ক বা রাস্তার নীচে দুটি গুরুত্বপূর্ণ পাইপ থাকে যেগুলির প্রতি আপনাকে সচেতন থাকা উচিত-একটি জল সরবরাহ পাইপ যেটির মাধ্যমে রাস্তায় থাকা আমাদের মূল পাইপ থেকে আপনার বাড়ীতে জল আসে, এবং সিওয়ার বা বর্জ্য নিষ্কাষন পাইপ যেটির মাধ্যমে আপনার বাড়ীর সব বর্জ্য জল আমাদের সিওয়ার পা পয়ঃপ্রণালীতে এসে জমা হয়।

এই দুটি পাই ছাড়া, আপনার ট্যাপ শুধুমাত্র একটি সাজানোর জিনিষ হয়ে থাকবে, এবং আপনার লু বা শৌচালয়ও... কোন কাজে আসবে না!

বেশি অংশে এই দুটি পাইপ নিজের কাজ ঠিক মতো করে।

যদি কোন কারনে এগুলির মধ্যে কোন একটিকে আপনার বদলাতে হয় বা আপনার নতুন বাড়ী তৈরী করার জন্য বা বাড়ী বড়ো করার জন্য নতুন পাইপ বসাতে হয়, তাহলে আপনাকে জানতে হবে যে কিভাবে এবং কোথায় কি করতে হবে যাতে আপনার প্রোজেক্টটি সুচারুভাবে সম্পন্ন হয়।

আপনাকে কি কি পদক্ষেপ নিতে হবে তা এই প্রচারপত্রে দেওয়া আছে। প্রথম অর্ধেক অংশ জলেক পাইপ দেখা এবং দ্বিতীয় অর্ধেক অংশ সিওয়ার পাইপ।

কাজ খারাপ হওয়ার আগে, আপনার উচিত একজন পেশাজীবি প্লাম্বা বা ব্লিডারের কাছে যাওয়া।

এই প্রচারপত্রে উল্লেখ করা কিছু কাজ হলো বিশেষজ্ঞদের কাজ এবং আমরা সবসময় সুপারিশ করি যে কাজগুলি যেন উপযুক্ত প্রশিক্ষণ প্রাপ্ত পেশাজীবিদের দিয়েই করানো হয়।

বিল্ডার স্পেশাল!

আমাদের ওয়েবসাইটে বিল্ডার এবং প্লাম্বারদের জন্য প্রয়োজনীয় সুচনা দেওয়া আছে। এর মধ্যে রয়েছে, পাইপ বিছানো, জিনিষপত্র, পাইপ, লেজিসলেশন এবং আরও অনেক বিশেষজ্ঞ বিষয়গুলি।

এইসব ভালো স্টাফগুলি আপনি এখানে পাবেনঃ **unitedutilities.com/newwatersupply**-তে

জলের পাইপঃ

ছিদ্র দেখার জন্য আপনার মিটার ব্যবহার করা

আপনার যদি একটি মিটার থাকে এবং এটি আপনার বাড়ীর সীমানায় হয়, তাহলে আপনার সরবরাহ পাইপের ছিদ্র দেখার জন্য আপনি এটির ব্যবহার করতে পারেন। জল ব্যবহার করা সব ট্যাপ এবং সরঞ্জামগুলি বন্ধ করুন, 30 মিনিট বা এর বেশি সময় অপেক্ষা করুন এরপর মিটার দেখুন (লাল সংখ্যা সহ সবগুলি)। এর পরে এক ঘন্টা কোন জল ব্যবহার করবেন না এবং আবার মিটার দেখুন। যদি দেখা যায় যে মিটার রিডিং বদলেছে, বা চাকা ঘুরছে (শেষ লাল সংখ্যা সহ) তাহলে ধরে নেবেন ছিদ্র আছে।

মিটারটি যদি আপনার বাড়ীর ভিতরে হয়, তাহলে আপনার ভিতরের প্লাম্বিং-এ ছিদ্র দেখার জন্য এটির ব্যবহার করতে পারেন। আবার নিশ্চিত করুন যে সব সরঞ্জাম এবং ট্যাপগুলি বন্ধ আছে, 30 মিনিট অপেক্ষা করুন এবং মিটার রিডিং দেখুন। এর পরে এক ঘন্টা কোন জল ব্যবহার করবেন না এবং আবার মিটার দেখুন। যদি দেখা যায় যে, রিডিং বদলেছে তাহলে ছিদ্র আপনার ভিতরের পাইপে আছে।

আপনার জলের পাইপ সম্বন্ধে একটি শব্দ

প্রতিদিন একটি ছোট চমৎকার হওয়ার মতো। আপনি ট্যাপ ঘোরান, এবং বাইরে পরিষ্কার বিশুদ্ধ পানীয় জল আসে।

আপনার জল সরবরাহ পাইপ ছাড়া, আপনি শীঘ্রই জল থেকে বঞ্চিত হয়ে যাবেন।

এই মাটির নীচের পাইপগুলি আপনার বাড়ীকে আমাদের নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করে। এবং আপনি (বা আপনার বাড়ীর মালি) এগুলি দেখার জন্য দায়িত্বশীল-আপনার বাড়ী থেকে শুরু করে আপনার বাড়ীর সীমানা পর্যন্ত। আপনার বাড়ীর সীমানা পার হয়ে যাওয়ার পর আপনার দায়িত্ব শেষ।

আপনি কি ধরণের বাড়ীতে থাকেন তার উপর নির্ভর করে, আপনি নিজে একটি সরবরাহ পাইপ লাগাতে পারেন বা আপনার প্রতিবেশির সঙ্গে মিলেও সরবরাহ পাইপটি লাগাতে পারেন, এক্ষেত্রে সিদ্ধান্ত দুজনে মিলেই নেবেন।

আপনার সরবরাহ পাইপে যদি কোন ছিদ্র হয়, তাহলে আপনাকে এটির মেরামত করতে হবে একটি ভালো প্লাম্বারকে ডেকে। কিন্তু, কিছু বিশেষ ক্ষেত্রে আমরা বিনামূল্যে একবারের জন্য মেরামত করেত পারি, যাতে জল নষ্ট না হয়।

মেরামত সম্পর্কে আরও তথ্যের জন্য ভিজিট করুন **unitedutilities.com/bursthome** অথবা আমাদের ফোন করুন **0845 746 2200** নম্বরে এবং সাহায্যের জন্য আমরা যতটুকু সম্ভব চেষ্টা করবো।



কারা দায়িত্বশীল?

বিপরীত দিকে থাকা চিত্রটি দেখায় যে আপনার বাড়ীতে সরবরাহ করা জলের পাইপটির জন্য আপনার এবং আমাদের দায়িত্ব কি।

যখন একটি সরবরাহ পাইপ দিয়ে একটি বাড়ীতে সরবরাহ করা হয় (উপরের বাঁদিকে) তখন পাইপটি আপনার বাড়ীর সিমানার ভিতরে আসার পরই আপনার দায়িত্ব।

যখন একটি সরবরাহ পাইপ দিয়ে এক বা ততোধিক বাড়ীতে জল সরবরাহ করা হয় (নীচের বাঁদিকে) সেক্ষেত্রে এই পাইপটির দায়িত্ব জল সরবরাহ করা সব বাড়ীর লোকদের থাকে। ব্যক্তিগত আলাদা পাইপ যেটির দ্বারা আপনার বাড়ীতে জল আসে সেটির দায়িত্বও আপনার।

য়দি সরবরাহ পাইপে কোন ছিদ্র হয়, সাধারণত আপনাকেই এটির মেরামত করতে হবে। কিন্তু, কিছু কিছু ক্ষেত্রে আমরা এই পাইপের ছিদ্রটি বিনামূল্যে মেরামত করে দেবো। সম্পূর্ণ বিবরণ পাওয়া যাবে **unitedutilities.com/bursthome**-এ

কোন কোন সময়, একটি পাইপ দিয়ে অনেকগুলি বাড়ীতে জল সরবরাহ হলে আমরা জোর দেবো যে পাইপটি বদলি করে যেন ব্যক্তিগত ভাবে এক একটি বাড়ীতে একটি করে পাইপ লাগানো হয়। আমরা এরকম করতে পারি শুধু যদি দেখা যায় যে যৌথ পাইপটি খারাপ অবস্থাতে আছে, কিছু কিছু বাড়ী যদি ফ্ল্যাটে পরবর্তিত হয়, বা কোন একটি বাড়ীর যদি বিল দেওয়া নিয়ে সমস্যা থাকে।

জলের পাইপঃ সীসার সরবরাহ পাইপটি বদলানো

আপনি যদি এমন একটি বাড়ীতে থাকেন যেটি 1970 সনের আগে তৈরী হয়েছে, তাহলে সম্ভাবনা আছে যে আপনার জল সরবরাহ পাইপটি সীসার হবে।

আজকাল, স্বাস্থ্যজনিত কারনে সীসার পাইপ ব্যবহার করা হয়না, কারণ ধাতুর ছোট টুকরো আপনার জলের সঙ্গে মিশতে পারে। চিকিৎসা বিশেষজ্ঞরা মনে করেন যে এগুলি ক্ষতিকারক, বিশেষ করে ছোট বাচ্চা এবং গর্ভে থাকা শিশুদের জন্য।

আপনি যদি সীসার সরবরাহ পাইপটি বদলাতে চান, তাহলে একটি তুন পাইপ লাইন বিছানোটা আপনার বিল্ডার বা প্লাম্বারের দায়িত্ব হবে। এরপর, আমরা আপনার প্লাম্বারের হাতের কাজ পরীক্ষা করে দেখবো। যদি স্ক্র্যাচ হয়, তাহলে আমরা বিনামূল্যে নতুন পাইপটিকে আমাদের নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করবো, এবং আমাদের দিকে বাগানে যদি কোন সীসার পাইপ বাকি থাকে এগুলিও বদলি করবো।

সীসার পাইপ বদালনো সম্পর্কে আরও বেশি তথ্যের জন্য ও বদলি করা পাইপটি সংযুক্ত করার অনলাইন আবেদন ফর্মের জন্য ভিজিট করুন **unitedutilities.com/replacingleadpipes**

আমরা সবসময় সুপারিশ করি যে, আপনার সীসার পাইপ বদলি করার সময় জল ইন্ডাস্ট্রির অনুমোদিত একজন প্লাম্বারকেই ডাকবেন। সম্পূর্ণ বিবরণের জন্য ভিজিট করুন wras.co.uk/wiaps



কিভাবে লিড বা সিসা সনাক্ত করবেন

একটি টচ নিন এবং আপনার রান্নাঘরের ট্যাপের বাইরের দিকে এবং আপনার আলমারীর পিছনের দিকে যে পাইপটি যাচ্ছে সেটিকে পরীক্ষা করে দেখন। এটি পেয়ে গেছেন?

সিসার পাইপগলির অনেক বিশিষ্টতা আছে। এগলি গাঢ় ধসর রঙের হয় (পেইন্ট বা রঙের ভিতরে থাকে), নরম, এবং সহজে চিহ্নিত করা যায়।

মনে রাখবেন, এমনকি আপনার পাইপের বাকী অংশ যদি তামার তৈরী হয়, আপনার সরবরাহ পাইপটি সীসার হতে পারে।

ওয়াটার প্রেশার

আমরা অবশ্যই যথেষ্ট প্রেসারে জল সরবরাহ করবো যাতে আপনি 30 সেকেন্ডে 4.5 লিটারের একটি কন্টেইনার ভর্তি করতে পারেন।

আপনার বাড়ীতে জলের প্রেসার এবং ফ্লো কি পরিমানে থাকবে তা প্রভাবিত হবে কতগুলি কারণে যার মধ্যে হলোঃ

- রাস্তার মূল জলের পাইপে থাকা জল থেকে আপনার বাড়ী কতটা উচুতে, এবং রিসার্ভারের তুলনায় এর উচ্চতা
- আপনার জল সরবরাহ পাইপের অবস্থা এবং লেআউট
- আপনার বাড়ী থেকে যদি অন্য বাড়ীতে জল সরবরাহ পাইপ ভাগাভাগি করা হয়
- বেশি মাত্রায় জলের চাহিদা
- আপনার বাড়ীর ভিতরের প্লাম্বিং,

আপনার যদি মনে হয় যে, আপনার বাড়ীতে জলের প্রেসার নিয়ে কোন সমস্যা রয়েছে, তাহলে প্রথমে আপনার বাড়ীর ভিতরের প্লাম্বিং দেখুন এবং এরপর দেখুন যে স্টপ ট্যাপটি খুলা আছে কি না। এখনও আপনি যদি সন্তুষ্ট না হোন, তাহলে দয়া করে **0845 746 2200** নম্বরে আমাদের ফোন করুন।

বিশ্বাস করুন বা নাই করুন...



সীসার পাইপ সরিয়ে নিলে আপনার বাড়ীতে বৈদ্যুতিক কোন সমস্যা হলে বাড়ীটি নিরাপদ থাকবে না।

আগেকার দিনে, সীসার পাইপকে ইলেকট্রিকাল আর্থ হিসাবে ব্যবহার করা হতো। আপনি যদি আপনার সরবরাহ পাইপটি বদলি করেন, তাহলে আগে একজন ইলেকট্রিশিয়ানের কাছ থেকে পরামর্শ নিন।

জলের পাইপঃ একটি নতুন জলের কানেকশন নেওয়া

আপনি যদি নতুন বাড়ীতে স্থানান্তর হয়ে থাকেন, তাহলে আপনার বাড়ীকে আমাদের মূল জলের পাইপের সঙ্গে সংযুক্ত করার জন্য আপনার বিল্ডার হয়তো ইতিমধ্যে আমাদের সঙ্গে যোগাযোগ করছেন।

উপরন্তু, আপনি যদি একটি নতুন বাড়ী তৈরী করেন বা বাড়ীকে বড় করে থাকেন যেখানে জল সরবরাহের প্রয়োজন আছে, আপনি হয়তো নিজেই এর ব্যবস্থা করতে চাইবেন।

প্রক্রিয়াটি অনেকটাই প্রযুক্তিগত, কিন্তু সংক্ষেপে বলতে গেলে সরবরাহ পাইপটি বিছানো আপনার দায়িত্ব এবং বাকীটা আমাদের দায়িত্ব। একজন অভিজ্ঞ এবং যোগ্য বিল্ডারই প্রযুক্তিগত এবং আইনি প্রয়োজনীয়তাগুলি জানবেন।

আপনাকে অবশ্যই একটি আবেদন ফর্ম সম্পূর্ণ করতে হবে যেটি **0845 026 4296** নম্বরে ফোন করে আমাদের ‘নতুন উন্নতি সূচনা প্যাক’ এর কথা জিজ্ঞাসা করলে পাওয়া যাবে বা আমাদের ওয়েবসাইট ও দেখতে পারেনঃ **unitedutilities.com/waterconnections**

আপনি নতুন কানেকশন এবং নতুন ওয়াটার মেইন সম্বন্ধে অনেক তথ্য পেতে পারেন **unitedutilities.com/waterconnections**-তে অথবা আমাদের ফোন করুন **0845 026 4296** নম্বরে।

আপনি কি জানতেন...

- সব নতুন বাড়ীগুলাতে প্লাম্বিং করতে হলে আমরা সংযোগ করার আগে কিছু আইনি নিয়ম দেখতে হবে। জল সরবরাহ (ওয়াটার ফিটিং) আইন 1999-তে এগুলি দেওয়া আছে।
- আপনি যদি একটি নতুন পাব্লিক ওয়াটার মেইন আমাদেরকে দিয়ে ইনস্টল করাতে চান, তাহলে আপনি আমাদের শর্তাবলী অনুযায়ী রাজী হওয়ার তিন মাসের মধ্যে আমরা সেটা করে দেবো।
- আপনার ওয়াটার মেইন বা সরবরাহ পাইপ স্থাপন করার জন্য ইউনাইটেড ইউটিলিটিস ব্যবহার করতে হবে না। আপনি মান্যতাপ্রাপ্ত যেকোন একটি নিজস্ব সংস্থাকে ব্যবহার করতে পারেন। বিশদ বিবরণগুলি পাওয়া যাবে **unitedutilities.com/waterconnections**-এ
- কোন কোন সময় বর্তমান ওয়াটার মেইন এবং পয়ঃপ্রণালীর অবস্থাটি কিরকম আছে তা দেখাও সাহায্যকর হতে পারে। আপনি মানচিত্রের প্রতিলিপি দেখতে পারেন বা দেখার ব্যবস্থা করতে পারেন **0870 751 0101** নম্বরে ফোন করে।

সিওয়ার বা পয়ঃ প্রণালী পাইপঃ

সিওয়ার পাইপ সম্বন্ধে বোঝা

আপনি যখন শৌচালয়ে জল ঢালেন, স্নান করেন বা ডিসওয়াশার ব্যবহার করেন, ব্যবহৃত জল ইউ-বেন্ডের দিকে বাইরে চলে যায় এবং পুনরায় দেখা যায় না।

একটি প্রাইভেট ড্রেইন যেটি শুধু আপনাকেই পরিষেবা দেয় সেটির মাধ্যমে আপনার বাড়ী থেকে এই জল বেরিয়ে যায়, এবং এই ড্রেনটির দেখাশোনা করার দায়িত্ব হলো আপনার।

যে স্থানে গিয়ে আপনার ড্রেইন বা নালা অনেকগুলি বাড়ীতে পরিষেবা দেওয়া পাইপটির সঙ্গে যুক্ত হয়, বা নালা আপনার বাড়ী পার হওয়ার পর, আমরা এটির দেখাশোনা করার জন্য দায়িত্বশীল থাকবো।

বিপরীত দিকে দেওয়া চিত্র থেকে বোঝা যাবে যে, এগুলি কিভাবে কাজ করে।

ব্লকেজ বা আটকে যাওয়ার ক্ষেত্রে, যদি এগুলিঃ

- আপনার নিজস্ব ড্রেইন বা নালাতে হয় তাহলে আপনাকে ঠিক করতে হবে
- একাধিক বাড়ীতে পরিষেবা দেওয়া পয়ঃপ্রণালী পাইপে বা আপনার বাড়ীর সীমানার বাইরে যদি হয়, এটি আমরা ঠিক করবো।

এখনও যদি আপনার আরও তথ্যের প্রয়োজন থাকে, তাহলে ভিজিট করুন **unitedutilities.com/privatesewers** অথবা ফোন করুন **0845 746 2200** নম্বরে।

বিশেষ সিওয়ার বা পয়ঃপ্রণালী পাইপের দায়িত্ব



শুধু পথপ্রদর্শনের জন্য চিত্র দেওয়া হয়েছে।

চাবি

প্রাইভেট ড্রেইন (বাড়ীর মালিকের দায়িত্ব)

ভাগাভাগি করা সিওয়ার পাইপ / সম্পত্তির সীমানার বাইরের পাইপ (ইউনাইটেড ইউটিলিটিস এর দায়িত্ব)

পাব্লিক সিওয়ার (ইউনাইটেড ইউটিলিটিস এর দায়িত্ব)

সিওয়ার বা পয়ঃ প্রণালী পাইপঃ

একটি নতুন সিওয়ার বা পয়ঃ প্রণালী কানেকশন নেওয়া

আপনি যদি একটি নতুন বাড়ী তৈরী করেন বা বাড়ীটি আরও বাড়িয়ে থাকেন এবং এর ফলে আমাদের সিওয়ার নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত করতে হয়, তাহলে আমরা তাড়াতাড়ি আপনার শৌচালয় জল দিয়ে ভর্তি করবো!

আমরা প্রায়ই প্রাইভেট বা ব্যক্তিগত সিওয়ার পাইপ বসানো এবং এটিকে আমাদের নেটওয়ার্কের সঙ্গে জড়িত করা সহ সব কাজ করার অনুমতি আপনার বিল্ডার বা প্লাম্বারকে দিয়ে দিই – কিন্তু প্রথমে আমাদের জায়গাটি পরিদর্শন করে দেখতে হবে এবং লিখিত অনুমতি দিতে হবে।

কোন কোন সময়, আমরা চূড়ান্ত সংযোগ বা কানেকশন নিজেরা করার জন্য জোর দিই, এটা নিশ্চিত করার জন্য যে কাজে যেন কোন ত্রুটি না থাকে।

নতুন কানেকশনের ক্ষেত্রে সবচেয়ে সাধারণ সমস্যাটি দেখা দেয় যখন বাড়ীটির ফাউল ওয়াটার বা নোংরা জল (যেমন, আপনার শৌচালয় এবং ঘরের বাসনপত্রের জল) এবং বৃষ্টির জলের জন্য আলাদা পাইপ থাকে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে এই দুটি পাইপ যেন আমাদের পাব্লিক সিওয়ার নেটওয়ার্কের সঠিক জায়গাতে যুক্ত হয়।

আমাদের সিওয়ার নেটওয়ার্কের

একট দাড়ান...
আপনি কি জানেন?

?

আমরা যদি একটি নতন পাব্লিক সিওয়ার দেওয়ার জন্য রাজী হই, তাহলে আপনি আমাদের শর্ত অনুযায়ী রাজী হওয়ার পর ছয় মাসের মধ্যে আমরা এটি সম্পূর্ণ করার লক্ষ্য রাখি।

একটি নতন পাব্লিক সিওয়ার স্থাপন করার জন্য আপনাকে ইউনাইটেড ইউটিলিটিস এর কাছে যেতে হবে না। আপনি মান্যতাপ্রাপ্ত যেকোন সংস্থাকে দিয়েই তা করাতে পারেন। আরও বিশদ বিবরণগুলি পাবেন **unitedutilities.com/wastewaterconnections**-তে

ক্রস কানেকশন হলে দূষণ হওয়ার মতো সমস্যা দেখা দেয় – এবং এর ফলে আপনাকে বড় মাপের জরিমানা দিতে হয়। যদি কোন সন্দেহ থাকে আমাদের ফোন করে নেবেন!

আপনি যদি একটি বাড়ী তৈরী করেন এবং আপনার বাড়ীর সঙ্গে যুক্ত করার জন্য কোন পাব্লিক সিওয়ার না থাকে, তাহলে আমরা একটি বসাতে পারি যদি এটি দুই বা ততোধিক বাড়ীর জন্য কাজে আসে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, নতুন সিওয়ারের খরচ আপনাকেই বহন করতে হবে। এটি খুবই খরচ সাপেক্ষ, তাই আমরা পেমেন্ট বিকল্প বেছে নেওয়ার সুযোগ দিই, 12 বৎসরে টাকা দেওয়ার সুযোগ সহ।

প্রাইভেট সিওয়ার কানেকশন এবং নতুন পাব্লিক সিওয়ার, এবং প্রাসঙ্গিক আবেদন ফর্ম সম্বন্ধে আরও বেশি তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ফোন করুন **01925 679364** নম্বরে অথবা ভিজিট করুন **unitedutilities.com/wastewaterconnections**

সঙ্গে যুক্ত হওয়ার জন্য আপনার সাহায্যের দরকার হলে আমাদের জানাবেন

অন্যান্য তথ্যঃ

শীতকালের জন্য প্রস্তুতি নিন

আপনার স্টপ ট্যাপটি খজে দেখন

(এটা সাধারণত রান্নাঘরের সিঙ্কের নীচে থাকে)

তাপমাত্র যখন শূন্যের নীচে চলে যায়, ইউ.কে-তে যেরকম হয়ে থাকে, আপনার বাড়ীর জলের পাইপগুলি জমে যায়।

খুবই অন্ধকারপূর্ণ শীত থেকে বাঁচার জন্য, কিছু সাধারণ সতর্কতা অবলম্বন করা গুরুত্বপূর্ণ। ঠাণ্ডা জায়গায় পাইপ ঢেকে রাখা, যেমন বারান্দা বা গ্যারেজ, এবং আপনার হিটিং কম পরিমানে রাখলে, এই পার্থক্যগুলি দেখা যেতে পারে।

আপনার স্টপ ট্যাপটি কোথায় আছে সেটি দেখে রাখাটা ভালো উপায় (সাধারণত এটি রান্নাঘরের সিঙ্কের নীচে থাকে) এবং একজন ভালো প্লাম্বারের নাম আপনার হাতের কাছে রাখবেন যাতে পাইপে কোন অসুবিধা হলে তাড়াতাড়ি আপনি পদক্ষেপ নিতে পারেন।

এটা ভুলবেন না যে, শীতের মাসগুলিতে আপনি যদি কোথাও বাইরে যান, তাহলে কিছু সাধারণ উপায় অবলম্বন করে আপনি আপনার বাড়ী সুরক্ষিত রাখতে পারেন, যেমন হিটিং খোলা রাখুন এবং একজন বন্ধু বা প্রতিবেশীকে বলুন আপনার বাড়ীর দিকে একটু খেয়াল রাখতে!

আরও বেশি পরামর্শের জন্য ভিজিট করুন
unitedutilities.com/winterwise

কি ফ্লাশ করবেন না

শৌচালয়ে তুলার বাড বা বাচ্চাদের মুছে কাপড় ফেললে সেগুলি ফিরে এসে আপনার ক্ষতি করতে পারে!

এই বস্তুগুলি শৌচালয়ের টিস্যুর মতো নষ্ট হয় না, সুতরাং এগুলি আপনার সিওয়ার পাইপ বন্ধ করে দিতে পারে, এবং এর ফলে শৌচালয় থেকে জল যাওয়া বন্ধ হয়ে যাবে, প্লাম্বারের খরচ বাড়বে, এবং সবকিছু নোংরা হবে।

রান্নাঘরের সিঙ্ক দিয়ে বাজে জিনিষ ফেললে, বিশেষ করে ফ্যাট, তেল বা গ্রিজ, এতেও সমান ঝুঁকি থাকে। সবচেয়ে ভালো হবে এগুলি একটি প্লাস্টিকের পাত্রে রেখে দিন, ঠাণ্ডা হওয়ার পর বিনে ফেলে দিন।

আপনার সিওয়ার পাইপ কিভাবে রাখবেন সে সম্বনধে আরও জানতে হলে, ভিজিট করুন **unitedutilities.com/whatnottoflush**

শধমাত্র তিনটি জিনিষ আছে যা শৌচালয় দিয়ে যেতে পারে

(এবং এগলির মধ্যে একটি হলো টয়লেট পেপার)

WHAT NOT TO FLUSH
unitedutilities.com

এই প্রচারপত্রটি প্রকাশনার একটি সিরিজ বা শ্রেণির মধ্যে একটি যেটিতে আমাদের গ্রাহকদের জন্য প্রয়োজনীয় তথ্যগুলি রয়েছে। অন্য যেগুলি আপনার জন্য আগ্রহের হতে পারে সেগুলি হলোঃ

- **আপনার জলের বিল দেওয়ার একটি নির্দেশিকা**
- **ওয়াটার মিটার আবেদন প্যাক**
- **আপনার বাড়ীর জলের মিটার পরীক্ষা করা**
- **আপনার জলের মিটারের একটি সহজ নির্দেশিকা**
- **আমাদের অতিরিক্ত পরিচর্যা পরিষেবার একটি নির্দেশিকা**
- **বিচক্ষনতার সঙ্গে জল ব্যবহার করার একটি নির্দেশিকা**
- **ওয়াটারসিওর আবেদন প্যাক**
- **আমাদের অভিযোগ প্রক্রিয়া**
- **মূখ্য বা সীসা এবং সাধারণ সরবরাহ পাইপ বদলানো**
- **আমাদের পরিষেবার মানদণ্ডগুলি**

আপনি আমাদের ওয়েবসাইট থেকে আমাদের যেকোন প্রচারপত্র ডাউনলোড করতে পারেনঃ **unitedutilities.com/leaflets**, অথবা আমাদের লিখুনঃ United Utilities (Dept LR), 1050 Europa Boulevard, Warrington WA55 1LR. বৈকল্পিক ভাবে, আমাদের সবচেয়ে অনুরোধ করা প্রচারপত্রগুলি আমাদের 24 ঘন্টার স্বয়ংক্রিয় প্রচারপত্র অনুরোধ লাইনে **0845 303 7711** নম্বরে ফোন করলে পাওয়া যায়।

আমাদের সব বুকলেট বা পুস্তিকাগুলি বড় মুদ্রণে, ব্রেইলি এবং অডিও সিডি বা ক্যাসেটে পাওয়া যায়। যেকোন একটি ফর্ম্যাটে এই প্রচারপত্রগুলি পাওয়ার জন্য বা অর্ডার করার জন্য অনুগ্রহ করে **0845 746 1100** নম্বরে আমাদের ফোন করুন।

ইংরেজি যদি আপনার প্রথম ভাষা না হয়, আমাদের মূল বুকলেট বা পুস্তিকাগুলি হিন্দি, উর্দু, গুজরাটি, চীনা, বাংলা এবং পাঞ্জাবী ভাষায় আমাদের ওয়েবসাইট **unitedutilities.com/translations**-তে পাওয়া যায়।

এছাড়াও-এই প্রচারপত্রে দেওয়া তথ্যগুলি গ্রাহকদের জন্য প্রদান করা হয়েছে আমাদের ওপারেটিং লাইসেন্সের প্রয়োজনীয়তা অনুযায়ী মেনে চলার জন্য এবং এগুলি নিয়ন্ত্রণকারী OFWAT-র অনুমোদনের বিষয়।

কোন কারনে আপনার যদি আমাদের সঙ্গে যোগাযোগ করতে হয়ঃ

আপনার বিল সম্বন্ধে আমাদের সঙ্গে কথা বলতে হলেঃ

আপনার যদি একটি জলের মিটার না থাকে 0845 746 1100
আপনার যদি একটি জলের মিটার থাকে 0845 746 2222
খোলা সময়ঃ সকাল 8 টা রাত 8 টা সোম থেকে শুক্র;
সকাল 8 টা বিকেল 5 টা শনিবার।

আপনার জল এবং বর্জ্য জল পরিষেবা সম্বন্ধে আমাদের সঙ্গে কথা বলতে হলেঃ
0845 746 2200
খোলা সময়ঃ সকাল 8 টা রাত 8 টা সোম থেকে শুক্র;
সকাল 8 টা সন্ধ্যে 6 টা শনি; সকাল 8 টা দুপর 12 টা রবিবার।

আপনার যদি শোনার বা কথা বলার ক্ষেত্রে সমস্যা থাকে, এবং আপনি টেক্সট ফোন ব্যবহার করেন, তাহলে দয়া করে ডায়েল করন **18001** এবং তারপর আপনার প্রয়োজনীয় নম্বরটি।

আপনি আমাদের কাছে লিখতে পারেনঃ
United Utilities, PO Box 459, Warrington WA55 1WB

অথবা অনলাইনে যানঃ
unitedutilities.com এ

my account

আপনি এখন অনলাইনে আপনার জলের অ্যাকাউন্ট চালাতে পারেন।
এখনই রেজিস্টার করুনঃ **unitedutilities.com/myaccount** এ

United Utilities
helping life flow smoothly

United Utilities Water PLC,
Haweswater House, Lingley Mere Business Park, Lingley Green Avenue, Warrington WA5 3LP.
ইংল্যান্ড এবং ওয়েলস-এ পঞ্জীকৃত। পঞ্জীকরণ নম্বর 2366678.

02/13/SD/4997